গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির ফেব্রুয়ারি ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	:	২৭/০২/২০১৭ খ্রিঃ
সময়	:	বিকাল ০৩:৩০ ঘটিকা
স্থান	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা	:	পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর বিগত ১১/০১/২০১৭ খ্রিঃ তারিখে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	জনবল মঞ্জুরি, নিয়োগবিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগপূর্বক জনবল মঞ্জুরি, নিয়োগবিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই হালনাগাদকরণেরব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ পরিচালক (প্রশা: ও অর্থ)
২	জাতীয় শুদ্ধাচার কৌশলের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	চলতি অর্থবছরে অংশীজনের অংশগ্রহণে ২টি সভা অনুষ্ঠিত হয়েছে । সকল স্টেকহোল্ডারদের নিয়ে চলতি মাসের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা করতে হবে। সচেতনতা বৃদ্ধিমূলক সভার সংখ্যা বৃদ্ধিতে অধিদপ্তরের উচ্চতর কর্মকর্তাদের সভায় আলোচনা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
৩	শুদ্ধাচার পুরস্কার প্রদান	কর্মকর্তা ও অফিসের কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার'২০১৬ প্রদানের বিষয়ে প্রস্তাবনা পাওয়া গেছে। যাচাই-বাছাই শেষ করে পুরস্কার প্রদানের ব্যবস্থা নিতে হবে। পুরস্কার প্রদানের মানদন্ড সবাইকে জানাতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
৪	ই-টেন্ডার	সকল প্রক্রিয়া সম্পন্ন করে যত দ্রুত সম্ভব ই-টেন্ডার চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপ-পরিচালক (পরিঃ কোষ)
৫	অনলাইনে সেবা প্রদান ও সেবা সহজীকরণ	(১) অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদানের কার্যক্রম দ্রুত বাস্তবায়নে সংশ্লিস্ট সংস্থাকে তাগিদ প্রদান করতে হবে। (২) বর্তমান নীতিমালা সংশোধন পূর্বক এ্যাম্বুলেন্স সেবা সহজীকরণের ব্যবস্থা নিতে হবে। অধিদপ্তরসহ অন্যান্য বিভাগীয় সদর দপ্তরে ০১টি করে এ্যাম্বুলেন্স লাশ বহন করার জন্য রাখা যায় কিনা তার সম্ভাব্যতা দেখা যেতে পারে।	উপ-পরিচালক (এ্যাম্বুলেন্স) ও সহকারী পরিচালক (পরিকল্পনা কোষ)
৬	অডিট কমিটির সভা	২০১৬-১৭ অর্থবছরে অডিট কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে বর্তমানে কোন অডিট আপত্তি অমিমাংশিত নেই। তবে জেলা/বিভাগীয় পর্যায়ের আয়ন-ব্যয়ন কর্মকর্তাগণ বাৎসরিক অডিট করার ব্যাপারে সচেতন হতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
৭	ফায়ার মাশুল ও বহুতল ভবনের ছাড়পত্র প্রদান এবং ফি আদায়	(১) ২০১৬-১৭ অর্থ বছরে ১০৭০০ টি ফায়ার লাইসেন্স করার লক্ষ্যমাত্রা আছে । ইতোমধ্যে ৬মাসে ৬০০০টি ফায়ার লাইসেন্স করা হয়েছে যার মাশুল বাবদ ৪ কোটি টাকার রাজস্ব আয় হয়েছে। এতে সাংখ্যিক অর্জন সম্ভব হলেও আর্থিক অর্জন ঝুঁকিতে রয়েছে। এ ব্যাপারে ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের তৎপরতা বাড়াতে হবে। (২) অনলাইনে ২৭০ টি বহুতল/বাণিজ্যিক ভবনের ছাড়পত্র ইস্যুর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	সহকারী পরিচালক (ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন)
৮	অপারেশনাল সক্ষমতা বৃদ্ধিকরণে উন্নতর প্রশিক্ষণ	(১) ২০১৬-১৭ অর্থ বছরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ে সক্ষমতা বৃদ্ধিকরণে উচ্চতর প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
৯	ইনোভেশন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ	বার্ষিক ইনোভেশন পরিকল্পনা অনুযায়ী ইনোভেশন টিমের ২টি প্রশিক্ষণ এবং কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিমের ২টি সভা সম্পন্ন হয়েছে । বর্তমান বছরেও অনুরুপ উদ্যোগ অব্যাহত রাখতে হবে।	রিফর্ম সেল

১০	মাসিক প্রতিবেদন সহজীকরণ	অনেক মাসিক প্রতিবেদন আছে যা গুরুত্ব বহন করে না অথচ কাগজ, সময় ও শ্রম অপচয় হয়। মাঠ পর্যায় হতে প্রেরিত এরকম মাসিক প্রতিবেদন ফরম সহজীকরণের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক কার্যক্রম দ্রুত করতে হবে।	ডিডি ঢাকা/এডি ঢাকা
১১	ই-মেইলে যোগাযোগ	যোগাযোগের মাধ্যম হিসাবে সরকারি নির্দেশনা অনুসরণ করে কাগজের ব্যবহার কমিয়ে ই-মেইল করসপনডেন্সের ব্যবহার বাড়াতে হবে। প্রত্যেক জেলা/বিভাগীয় কর্মকর্তা অফিসিয়াল কাজে ই-মেইল ব্যবহারের অনুশীলন করবেন। অন্যথায় তাদের মূল্যায়নে তার প্রতিফলন ঘটবে। এ ব্যাপারে সকলকে তাগিদপত্র দিতে হবে। পাইলট প্রজেক্ট হিসাবে এপিএ,শুদ্ধাচার, Inovation বিষয়ে সকল প্রতিবেদন উপ-পরিচালকগণ ই-মেইলে প্রেরণ করবেন।	উপ-পরিচালক (সকল বিভাগ)
১২	Medal Regulation সংশোধন	The Bangladesh Fire Service Medal Regulation 1983 এর আপত্তি সুরাহা করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৩	ই-ফাইলিং কার্যক্রম চালু	অধিদপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালুর জন্য গঠিত কমিটি জরুরি ভিত্তিতে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ গ্রহণ করে চলতি অর্থ বছরে চালুর ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১৪	Inovative আইডিয়া তৈরী	শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ট্রেনিং কমপ্লেক্স এবং প্রত্যেক উপ-পরিচালকগণ আগামী ১৫ দিনের মধ্যে ২টি করে Inovative আইডিয়া পাঠানোর জন্য পত্র প্রেরণ করতে হবে।	উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৫	এপিএ, শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ	এপিএ, শুদ্ধাচার বিষয়ে সঠিকভাবে প্রতিবেদন প্রস্তুতির জন্য বিভাগীয় কর্মকর্তা কর্মচারীদের জন্য নৈতিকতা শুদ্ধাচার বিষয়ে চলতি মাসের মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

২। সভায় অন্য কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ হারুন-উজ-জামান ভূইয়া
যগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.৯৯.০১৪. ৪০-২২(৬০)　　　　তারিখঃ ২৪ মার্চ ২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১। অতিরিক্ত সচিব, অগ্নি অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ)/এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৪। অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬। সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর/প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/পরিকল্পনা কোষ)।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮। উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
৯। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। জনাব --।
১১। আইসিটি সেল, অত্র অধিদপ্তর । উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

২৪/৩/১৭

অজিত কুমার ভৌমিক
উপ-পরিচালক (পরিঃ ও কোষ)
অতিরিক্ত
উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৫৭৯

D:\Suddhachar (Integrity)Resolution).docN.doc